ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮ ; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

স্মারক নং- ৩৯.৭০১.০৯৯.০১.০০.০০.২০১৩/৫২

তারিখ: ০৩/০১/২০১৬

বিষয়: ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের ২০১৫ সনের বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের ২০১৫ সনের বার্ষিক প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হল।

এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

০৩/০১/১৬

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দ্বায়িত্ব)
ফোন: ০১৭৩৮৯৯৯৯৯৩

সংযুক্তি: বর্ণনামতে

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: বেগম মাহমুদা মিন আরা, অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা]

O/C

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮ ; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

বিষয়: ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের ২০১৫ বছরের কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন।

সরকার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চীফ ইনোভেশন অফিসার এবং সংস্থা উপজেলা পর্যায়ে/জেলা/ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। মন্ত্রিপরিষদ বিভাগ গত এপ্রিল ৮, ২০১৩ তারিখে এসংক্রান্ত একটি প্রজ্ঞাপন গেজেট আকারে প্রকাশ করে। এরই প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (নআইবিএ) গত ৫ ডিসেম্বর ২০১৩ তারিখে ইনোভেশন টিম গঠন এবং পরর্তীতে নভেম্বর ২৪, ২০১৫ তারিখে ইনোভেশন টিম পুনর্গঠন করে।

ইনোভেশন টিমের ২০১৫ বছরের কার্যাবলী ও উল্লেখযোগ্য অর্জন নির্ধারিত ছকে উল্লেখ করা হল।-

| ক্রমিক নং | বিষয় | গৃহীত পদক্ষেপ | উল্লেখযোগ্য অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ইনোভেশন টিম পুনর্গঠন। | ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিম পুনর্গঠন। | গত নভেম্বর ২৪, ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী এনআইবি'র ইনোভেশন টিম পুনর্গঠন করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |
| ২। | ইনোভেশন টিমের সভা। | ইনোভেশন টিমের সভা এবং সভার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ। | প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রযুক্তি প্রসার সেলে নিয়মিত প্রেরণ করা হয়েছে। | |
| ৩। | কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি। | ইনস্টিটিউটের গবেষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ। | কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য ইনস্টিটিউটের বিভিন্ন পর্যায়ের গবেষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |
| ৪। | ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ তে অংশগ্রহণ | ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ তে অংশগ্রহণ এবং এনআইবি'র কার্যক্রম উপস্থাপন | বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ তে এনআইবি অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় এনআইবি'র গবেষণা কার্যক্রমের ভিডিওসহ আইসিটি সংক্রান্ত কার্যক্রম দর্শনার্থীদের সামনে উপস্থাপন করা হয়। | |
| ৫। | জাতীয় তথ্য বাতায়নের অধীনে ওয়েব পোর্টাল প্রস্তুতকরণ। | জাতীয় তথ্য বাতায়নের অধীনে এনআইবি র ওয়েব পোর্টাল'প্রস্তুত করা হয়েছে। | জাতীয় তথ্য বাতায়নের অধীনে এনআইবি র ওয়েব পোর্টাল'প্রস্তুত করা হয়েছে এবং উক্ত পোর্টাল প্রস্তুতকরণের নিমিত্ত জন কর্মকর্তাকে প্রশিক্ষিত করা হয়েছে। | |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত পদক্ষেপ | উল্লেখযোগ্য অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৬। | উচ্চগতির ইন্টারনেট সেবা | এনআইবিতে10Mbps গতিসম্পন্ন উচ্চগতির ইন্টারনেট সেবা চালু করা হয়েছে। | এনআইবি-তে 10Mbps গতিসম্পন্ন উচ্চগতির ইন্টারনেট সেবা চালুর ফলে দেশ বিদেশের হতে গবেষণা সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য আদানপ্রদান সহজতর হয়েছে। | |
| ৭। | সেবামুখী কার্যক্রম। | তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ। | এনআইবি'র গবেষকসহ দেশ বিদেশের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণ চলমান রয়েছে। | |
| ৮। | ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন। | ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের জন্য নির্ধারিত ছক অনুযায়ী তথ্য প্রেরণ। | ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের জন্য এনআইবি হতে ৫ জন কর্মকর্তাকে মনোনীত করে কর্মকর্তাগণের তথ্য নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে ৫ জন কর্মকর্তা এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। | |
| ৯। | জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (জিপি-ই) পোর্টালে অন্তর্ভূক্তি | জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (জিপি-ই) পোর্টালে অন্তর্ভূক্তির জন্য নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি প্রেরণ। | জাতীয় ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট এ অন্তর্ভূক্তির জন্য ওয়েবসাইটের ঠিকানা ও একজন Contact person এর নাম এবং অফিস ডোমেইন-এ ডেজিগনেশন বেজ্ড ই-মেইলসহ নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা -১২০৭ এ প্রেরণ করা হয়েছে। | |
| ১০। | জাতীয় ই-সেবা সিস্টেম | এনআইবি-তে জাতীয় ই-সেবা সিস্টেম চালু করার জন্য গত অক্টোবর ০৮, ২০১৫ তারিখে ইনস্টিটিউটের সকল কর্মকর্তা ও কর্মচারীদের জাতীয় ই-সেবা সিস্টেম বিষয়ক দিনব্যাগী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | এনআইবি-তে জাতীয় ই-সেবা সিস্টেম সম্পূর্ণভাবে চালু করার জন্য এনআইবি'র সাংগঠনিক কাঠামো প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রযুক্তি প্রসার সেলে প্রেরণ করা হয়েছে। | |

০৬/০১/২০১৬

ড. জাহাঙ্গীর আলম
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
ইনোভেশন অফিসার
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি